



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২০৭.১২- ২৭৮৫

তারিখঃ ২৪/৫/২০১৫ খ্রিস্টাব্দ।


বিষয় : প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারে তথ্য এন্ট্রিকরণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের ঋণ ও সঞ্চয় কার্যক্রম আরও অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতার সাথে সম্পাদনের জন্য ১ম পর্যায়ের দমআকভুক্ত ২১ টি উপজেলার সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো) ও হিসাব সহকারীদের গত ১৭ ও ১৮ মে ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণের আলোকে নির্ধারিত কাজ যথাসময়ে সম্পাদনের জন্য নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হলো :

সমিতি মাইগ্রেশন	২৬/৫/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে
সদস্য মাইগ্রেশন	০৫/৬/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে
সদস্যের সঞ্চয় ও ঋণ মাইগ্রেশন	১৫/৬/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে
সফটওয়্যার লাইভ কার্যক্রম শুরু	০১/৭/২০১৫ তারিখ হতে

এমতাবস্থায়, সদস্যওয়ারী সঞ্চয় ও ঋণ কার্যক্রমসহ প্রকল্প কার্যক্রমের প্রয়োজনীয় তথ্য যথাসময়ে সফটওয়্যারে এন্ট্রি প্রদান নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হলো। বর্ণিত সময় সীমার মধ্যে নির্ধারিত কার্যক্রম সম্পাদনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো) ও হিসাব সহকারীর বেতন-ভাতা স্থগিত থাকবে। বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার  
উপজেলা-----জেলা-----।

  
প্রকাশিনী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক(ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা-----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা-----জেলা-----।
৫. হিসাব সহকারী, (ইরেসপো), উপজেলা-----জেলা-----।
৬. অফিস কপি।